

মাকিম'র শুধেবসাইটে
আমাদের বসে হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.১৯৮৯

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯

২৭ জুলাই ২০২২

বিষয়: রংপুর জেলার সদর উপজেলাধীন ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মো: সাহেদুল ইসলাম (ইনডেক্স নং-R689512) এর প্রার্থীত নাম সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) USEO, সদর, রংপুর এর স্মারক নং- উমাশিঅ/সদর/রং/২০২২/৭৫; তারিখ: ০৭.০২.২২খ্রি.
(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৩.০০৪.১৯-১৯৫; তারিখ: ২৪.০৭.২০২২ খ্রি. (ডকেট নং-৯০৩৩; তারিখ: ২৪.০৭.২০২২ খ্রি.)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার সদর উপজেলাধীন ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মো: সাহেদুল ইসলাম (ইনডেক্স নং-R689512) এর এমপিও শীটে নাম সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে USEO, সদর, রংপুর কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)-মাশিঅ এবং জনাব মো: শাহীনুর ইসলাম, সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে মো: সাহেদুল ইসলাম এর নাম MD. SHAHIDUL ISLAM মুদ্রিত আছে কিন্তু একাডেমিক সনদ (এস.এস.সি ও এইচ.এস.সি), জাতীয় পরিচয়পত্র, নিয়োগপত্র ও যোগদানপত্র সংক্রান্ত কাগজ-পত্রে নাম MD. SHAHEDUL ISLAM উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৭ উল্লেখ আছে যা প্রভাষক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত নাম MD. SHAHEDUL ISLAM মর্মে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে মুদ্রিত নাম MD. SHAHIDUL ISLAM এর স্থলে MD. SHAHEDUL ISLAM সংশোধনের জন্য আবেদন করেছেন এবং USEO, সদর, রংপুর বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডি'র সদস্যবৃন্দ MD. SHAHIDUL ISLAM এর স্থলে MD. SHAHEDUL ISLAM সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় রংপুর জেলার সদর উপজেলাধীন ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মো: সাহেদুল ইসলাম (ইনডেক্স নং-R689512) এর এমপিও শীটে নাম MD. SHAHIDUL ISLAM এর স্থলে MD. SHAHEDUL ISLAM সংশোধনের করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। USEO, সদর, রংপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: সাহেদুল ইসলাম (ইনডেক্স নং-R689512) এর তথ্য এবং নাম নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক (ইংরেজি) পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান নাম	প্রার্থীত নাম	মন্তব্য
০১	জনাব মো: সাহেদুল ইসলাম, প্রভাষক (ইনডেক্স নং-R689512) ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসা, সদর, রংপুর	২০/১০/২০০১ খ্রি.	নাম- MD. SAHIDUL ISLAM	নাম- MD. SAHEDUL ISLAM	এমপিও শীটে বিদ্যমান নাম- MD. SHAHIDUL ISLAM এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত নাম MD. SHAHEDUL ISLAM সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, USEO, সদর, রংপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: সাহেদুল ইসলাম (ইনডেক্স নং-R689512) এর নাম MD. SHAHIDUL ISLAM এর স্থলে MD. SHAHEDUL ISLAM সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব মো: সাহেদুল ইসলাম (ইনডেক্স নং-R689512) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।
৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।
সংযুক্তি: ১০ ফর্দা।



২৭-৭-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.১৯৮৯/১

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর।
- ৩) সভাপতি/অধ্যক্ষ, ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসা, সদর, রংপুর।
- ৪) জনাব মো: সাহেদুল ইসলাম, প্রভাষক (ইনডেক্স নং-R689512) ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসা, সদর, রংপুর।
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



২৭-৭-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)